

Prime Minister Narendra Modi and Prime Minister of Singapore Lee Hsien Loong participate in the Virtual Launch of UPI-PayNow Linkage between India and Singapore

February 21, 2023

ভারত ও সিঙ্গাপুরের মধ্যে ইউপিআই-পে নাও লিঙ্কেজের ভার্চুয়াল পদ্ধতিতে সূচনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুং-এর অংশগ্রহণ

ফেব্রুয়ারী 21, 2023

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুং আজ ভারতের ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) এবং সিঙ্গাপুরে পে নাও লিঙ্কেজের ভার্চুয়াল পদ্ধতিতে সূচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। অনুষ্ঠানে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শ্রী শক্তিকান্ত দাস এবং মানিটারি অথরিটি অফ সিঙ্গাপুরের ম্যানেজিং ডিরেক্টর শ্রী রবি মেনন তাঁদের মোবাইল ফোন ব্যবহার করে ভারত ও সিঙ্গাপুরের মধ্যে প্রথম আর্থিক লেনদেনের সূচনা করেন।

দেশের বাইরে সিঙ্গাপুরের সঙ্গেই প্রথম ব্যক্তিগত পর্যায়ে আর্থিক লেনদেনের ব্যবস্থাপনা গড়ে উঠলো। এর ফলে স্বল্প ব্যয়ে দুই দেশের সাধারণ মানুষ তাৎক্ষণিক আর্থিক লেনদেনের সুবিধা পাবেন। এই প্রক্রিয়ায় সিঙ্গাপুরে বসবাসরত ভারতীয় সম্প্রদায় এবং সে দেশে যেসব পরিযায়ী শ্রমিক ও ছাত্রছাত্রী রয়েছেন, তাঁরা ফিনটেক এবং ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেনের সুবিধা পাবেন। ইতোমধ্যেই সিঙ্গাপুরের কয়েকটি বাণিজ্যিক কেন্দ্রে কিউআর কোডের সাহায্যে ইউপিআই-এর মাধ্যমে আর্থিক লেনদেন করা যায়।

ভার্চুয়াল পদ্ধতিতে এই লেনদেন শুরু হওয়ার পর দুই প্রধানমন্ত্রী টেলিফোনে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন। ভারত-সিঙ্গাপুর দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাওয়া এবং ভারতের সভাপতিত্বে জি২০ গোষ্ঠীর বিভিন্ন কর্মসূচিতে সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

নতুন দিল্লি

ফেব্রুয়ারী 21, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.